

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়: বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর এ্যাডভান্সড রিসার্চ ইন সায়েন্সেস-এর নিম্নলিখিত শূন্য পদগুলো পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকটস্থিতে দরখাস্ত আহবান করা যাইতেছে :-

ক্রঃ নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সিনিয়র সাইন্টিস্ট টাঃ ১৮,৫০০-৮০০ X ১৪-২৯,৭০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯)	৩ (তিন)টি (১টি পুনঃবিজ্ঞপ্তি)	প্রার্থীকে অবশ্যই ফিজিক্যাল/কেমিক্যাল/বায়োলজিক্যাল/ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস ডিসিপ্লিন-এ পি.এইচ.ডি ডিগ্রীধারী হইতে হইবে। এম.এস.সি/এম.এস.বি.এস/বি.এস.সি/বি.ফার্ম (সম্মান) পরীক্ষায় অন্ততঃ যে কোন একটিতে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইতে হইবে। পি.এইচ.ডি ডিগ্রী গবেষণা অভিজ্ঞতা ব্যতিরেকে প্রার্থীকে অবশ্যই কোন খ্যাতিসম্পন্ন বিশ্ববিদ্যালয়/এ্যাডভান্সড রিসার্চ ইন্সটিটিউট/আন্তর্জাতিক বৈজ্ঞানিক গবেষণা কেন্দ্রে ০৩ বৎসরের শিক্ষকতা/গবেষণামূলক কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। প্রার্থীর প্রখ্যাত রেফারিড জার্নালে ন্যূনতম ৫টি মৌলিক প্রকাশনা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। গবেষণা কাজে প্রমাণিত অভিজ্ঞতা ও পারদর্শিতা থাকিলে শর্ত শিথিল করা যাইতে পারে। অন্যভাবে উপর্যুক্ত বিবেচিত হইলে উক্ত পদের বিপরীতে সাইন্টিস্ট/রিসার্চ ফেলো হিসাবে নিয়োগ করা যাইতে পারে। এই পদের জন্য পূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনঃরায় আবেদন করার প্রয়োজন নাই।
২।	সিনিয়র কম্পিউটার সাইন্টিস্ট টাঃ ১৮,৫০০-৮০০ X ১৪-২৯,৭০০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০০৯)	১ (এক)টি (পুনঃবিজ্ঞপ্তি)	প্রার্থীকে অবশ্যই কম্পিউটার সায়েন্স/ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রিক এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার ইঞ্জিনিয়ারিংসহ)/কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ পি.এইচ.ডি/মাস্টার্স ডিগ্রীধারী হইতে হইবে। প্রার্থীকে অবশ্যই এম.এস.সি/বি.এস.সি পরীক্ষায় অন্ততঃ যে কোন একটিতে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইতে হইবে। প্রার্থীকে হাতে কলমে প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট হিসাবে কাজ করার এবং বিশ্ববিদ্যালয় পার্যায় শিক্ষকতা ও গবেষণা কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে চাকুরীর অভিজ্ঞতা ০২ (দুই) বৎসর শিথিল করা যাইতে পারে। প্রার্থীর প্রখ্যাত রেফারিড জার্নালে ন্যূনতম ৩টি মৌলিক প্রকাশনা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। গবেষণা কাজে প্রমাণিত অভিজ্ঞতা ও পারদর্শিতা থাকিলে শর্ত শিথিল করা যাইতে পারে। অন্যভাবে উপর্যুক্ত বিবেচিত হইলে উক্ত পদের বিপরীতে সাইন্টিস্ট/রিসার্চ ফেলো হিসাবে নিয়োগ করা যাইতে পারে। এই পদের জন্য পূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনঃরায় আবেদন করার প্রয়োজন নাই।
৩।	পোস্ট ডক্টরাল ফেলো (পুনঃবিজ্ঞপ্তি) সর্বসাকুল্যে বেতন টাঃ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা	৩ (তিন)টি (পুনঃবিজ্ঞপ্তি)	প্রার্থীকে অবশ্যই ফিজিক্যাল/কেমিক্যাল/বায়োলজিক্যাল/ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস ডিসিপ্লিন-এ পি.এইচ.ডি ডিগ্রীধারী হইতে হইবে। এম.এস.সি/এম.এস.বি.এস/বি.এস.সি/বি.ফার্ম (সম্মান) পরীক্ষায় অন্ততঃ যে কোন একটিতে প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইতে হইবে। প্রার্থীর প্রখ্যাত রেফারিড জার্নালে ন্যূনতম ২টি মৌলিক প্রকাশনা থাকিতে হইবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। গবেষণা কাজে প্রমাণিত অভিজ্ঞতা ও পারদর্শিতা থাকিলে শর্ত শিথিল করা যাইতে পারে। অন্যভাবে উপর্যুক্ত বিবেচিত হইলে উক্ত পদের বিপরীতে রিসার্চ ফেলো হিসাবে নিয়োগ করা যাইতে পারে। এই পদের জন্য পূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের পুনঃরায় আবেদন করার প্রয়োজন নাই।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ১৪-১২-২০১৫ তারিখের মধ্যে রেজিস্ট্রারের নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।